কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২
Comilla Palli Bidyut Samity-2

সদর দপ্তর, উত্তর রামপুর (বিশ্বরোড), পোঃ আহম্মদনগর, কুমিল্লা।

ISO 9001:2015 Certified

টেলিফোনঃ অফিসঃ০৮১-৬৮৮০৭, অভিযোগ কেন্দ্রঃ ০৮১-৯৮১৬৫, ই-মেইলঃ comillapbs2@gmail.com ওয়েব সাইটঃ pbs2.comilla.gov.bd

স্মারক নং-২৭.১২.১৯৩৩.৫৪২.০১.০৮.২৬. ৪৬৭০

তারিখ: ২২ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

"নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ রক্ষিত ব্যবহার অযোগ্য নিম্নবর্ণিত মালামাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	নিলাম দরপত্র নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	০২/২০২৬-২৭	পিক আপ গাড়ির নষ্ট টায়ার	৫২ টি		
০২		মোটরসাইকেলের নষ্ট টায়ার	৪৭ টি		
				সর্বমোট	

শর্তাবলী:

১। নিলাম দরপত্র আগামী ১৫-১০-২০২৬ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১:০০ ঘটিকার মধ্যে নিজস্ব লেটার হেড প্যাডে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২, উত্তর রামপুর (বিশ্বরোড), কুমিল্লা এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে এবং ঐদিনই বেলা ১১:০৫ ঘটিকায় দরদাতাগনের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) নিলাম দরপত্রসমূহ খোলা হবে। নির্ধারিত সময়ের পর এবং ডাকযোগে কোন নিলাম দরপত্র গ্রহণযোগ্য হবে না।

২। নিলাম দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে " নিলাম দরপত্র" কথাটি অবশ্যই লিখতে হবে।

৩। বর্ণিত মালামালের নিলাম দরের ২৫% হারে নিরাপত্তা জামানত কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সঙ্গে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।

৪। মালামালসমূহ আগামী ১৪-১০-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরে যোগাযোগ পূর্বক পরিদর্শন করা যাবে।

৫। কৃতকার্য নিলাম দরদাতাকে কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পচাত্তর শতাংশ) মূল্য বাবদ নগদ/পে-অর্ডার আকারে পরিশোধ করে মালামালসমূহ গ্রহণ করতে হবে। অন্যথায়, দরপত্রের সাথে প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা হবে।

৬। সরকারী নিয়ম অনুযায়ী কৃতকার্য নিলাম দরদাতাকে উদ্ধৃত মোট মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও উৎসে কর পরিশোধ করতে হবে।

৭। নির্ধারিত সময়ের মধ্যে নিলাম বিক্রয়কৃত মালামাল সর্বোচ্চ নিলাম দরদাতা কর্তৃক গ্রহণ না করার কারণে মালামালের কোন ক্ষতি হলে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ এর দায় গ্রহণ করবে না।

৮। নিলামে বিক্রয়যোগ্য মালামাল হস্তান্তরের সময় মালামালের পরিমাণ কম বা বেশি হতে পারে।

৯। কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। শর্তবহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

07/10/26

(প্রকৌ. দীলিপ চন্দ্র চৌধুরী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি: জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধ সহ)

০১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, কুমিল্লা।
০২। পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (দক্ষিণ), কুমিল্লা।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার...পবিস-১/২/৩/৪
০৭। উপজেলা নির্বাহী অফিসার---, কুমিল্লা।
০৮। ডিজিএম-চৌদ্দগ্রাম/বাগমারা/বুড়িচং/বিঃপাড়া/ময়নামতি/গুণবতী/ব্রাহ্মনপাড়া/ (কারিগরী) সদর দপ্তর, কুমিল্লা পবিস-২।
০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (দক্ষিণ), কুমিল্লা।
১০। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/আইটি/মিয়া বাজার/ভুশ্চি সাব জোনাল অফিস), কুমিল্লা পবিস-২।
১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), কুমিল্লা পবিস-২। → (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশ করে তার স্ক্রীন শর্ট প্রিন্ট দিয়ে প্রশাসন বিভাগে প্রেরনের জন্য নির্দেশ দেওয়া হলো।)
১২। মেসার্স ....।
১৩। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-২।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

07/10/26

(প্রকৌ. দীলিপ চন্দ্র চৌধুরী)
সিনিয়র জেনারেল ম্যানেজার